



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১০.২১.২৬৩

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ১৭তম ব্যাচে কর্মকর্তা মনোনয়নের বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ১৭তম ব্যাচ আগামী ১০ ডিসেম্বর ২০২২ তারিখ হতে শুরু হবে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়েছে।

০২। কোর্স সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নরূপ:


(ক)	প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন।
(খ)	উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
(গ)	'Strategic Management' কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবে।
(ঘ)	উক্ত কোর্সে ৮ জন নারী কর্মকর্তাসহ মোট ২৪ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।
(ঙ)	কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।
(চ)	যাতায়াত ভাতা হিসাবে দৈনিক ৬০০/- (ছয়শত) টাকা এবং দুপুরে খাবার প্রদান করা হবে। এছাড়া, Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করা হবে।
(ছ)	শীর্ষস্থান অধিকারী ৬-৮ জন কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য বিদেশে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।

০৩। উল্লেখ্য, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। আগ্রহী কর্মকর্তাগণ আগামী ২০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দূ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

সংযুক্তি: আবেদন ফরম।



২৩-১০-২০২২

মুহাম্মদ আব্দুর রহিম সুজন

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ২২৩৩৫৭১১৩

ইমেইল: it3@mopa.gov.bd

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।